

বিআইটিএমে এসইআইপি প্রকল্পের ৮টি ব্যাচ শুরু

অনলাইন ডেস্ক ২৪ সেপ্টেম্বর, ২০১৬ ইং ১৭:০০ মিঃ



দেশের শীর্ষস্থানীয় দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ সেবাদাতা প্রতিষ্ঠান বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম)-এ ডিজিটাল মার্কেটিং, অ্যাফিলিয়েট মার্কেটিং, ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট-পিএইচপি, প্রাকটিক্যাল সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন (এসইও) এবং আইটি সাপোর্ট টেকনিক্যাল বিষয়ে নতুন ৮টি ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে। গত ২১ ও ২২ সেপ্টেম্বর রাজধানীর কারওয়ান বাজারস্থ বিআইটিএম ল্যাবে শুরু হওয়া প্রশিক্ষণগুলোর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বেসিস সভাপতি মোস্তাফা জব্বার।

এসময় বেসিস সভাপতি বলেন, দেশের তথ্যপ্রযুক্তি খাতের এখন উড্ডয়নের সময়। এজন্য প্রয়োজন দক্ষ জনশক্তি। একদিন দেশের তথ্যপ্রযুক্তি খাতের চাহিদা মিটিয়ে বিশ্বের অন্যান্য দেশেও শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোতে বাংলাদেশের তরুণ-তরুণীদের চাকরির পরিমাণ বাড়বে। অনেকেই নিজেকে দক্ষ করে তুলে নিজস্ব প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে অন্যদেরকে চাকরি দেবে। সেই লক্ষ্যেই সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে বেসিস-বিআইটিএম কাজ করছে। বিনামূল্যের এসইআইপি প্রশিক্ষণের মাধ্যমে ইতিমধ্যে প্রায় ৬ হাজার তরুণ-তরুণী বিআইটিএম থেকে প্রশিক্ষণ শেষ করেছে। ২০১৮ সাল নাগাদ মোট ২৩ হাজার তরুণ-তরুণীকে প্রশিক্ষণ দেওয়া হবে।

আগ্রহীরা বিআইটিএমের ওয়েবসাইট ([www.bitm.org.bd/seip](http://www.bitm.org.bd/seip)) থেকে প্রশিক্ষণের জন্য নিবন্ধন করতে পারবেন। এরপর যথাযথ মূল্যায়নের মাধ্যমে চূড়ান্ত নির্বাচিতরা প্রশিক্ষণে অংশ নিতে পারবেন।

উল্লেখ্য, প্রশিক্ষণটি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) অর্থায়নে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ফিলসফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)-এর অধীনে এবং বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম)-এর তত্ত্বাবধায়নে পরিচালিত হচ্ছে।

ইত্তেফাক/এমআই

---

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত